দৈনিক ইত্তেফাক

তারিখ 20 MAY 2016
পৃষ্ঠা কলাম

# শিগগিরই সরকারি স্কুলে ২১২৫ সহকারী শিক্ষক নিয়োগ

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জানিয়েছেন, দেশের সরকারি মাধ্যমিক স্কুলসমূহে শিগগির দুই হাজার ১২৫ জন সহকারী শিক্ষক নিয়োগ দেওয়া হবে। দেশের মাধ্যমিক পর্যায়ে শিক্ষক সংকট কমাতে এই উদ্যোগ নেওয়া হয়েছে বলেও জানান তিনি।

গতকাল বৃহস্পতিবার সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে দেশের ৩৩৫টি সরকারি মাধ্যমিক স্কুলের প্রধান শিক্ষকদের সম্মেলন ও শিক্ষার মানোন্নয়ন বিষয়ক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, সরকারি মাধ্যমিক স্কুলের সহকারী শিক্ষকদের পদমর্যাদা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে নিয়োগবিধি সংশোধন প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে। সংশোধিত নিয়োগ বিধির অধীনে শিগগির সরকারি মাধ্যমিক স্কুলের সহকারী শিক্ষকের সকল শূন্য পদ পূরণ করা হবে।

মন্ত্রী বলেন, সরকারের বিভিন্ন শিক্ষা সহায়ক কর্মসূচির ফলে শিক্ষা ক্ষেত্রে সংখ্যাগত সাফল্য অর্জিত হলেও শিক্ষার মানের দিক থেকে এখনো অনেক দূর যেতে হবে। শিক্ষা প্রসারের পাশাপাশি শিক্ষার মানোন্নয়নে নিবেদিতপ্রাণ হয়ে দায়িত্ব পালনের জন্য তিনি শিক্ষকদের প্রতি আহ্বান জানান।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইনসহ শিক্ষক প্রতিনিধিরা বক্তব্য রাখেন।